

AKASHVANI (Kolkata)

Regional News Unit

Date : 03-01-2025

Desk in Charge :

Time : 7.35 A.M.

Compiling :

Opening Announcement আকাশবাণী, খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবরঃ-

- ১/ সীমান্তে নিরাপত্তার দায়িত্বে থাকা বাহিনী- BSF'ই, রাজ্যে অনুপ্রবেশে সাহায্য করছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন।
নবান্নে প্রশাসনিক বৈঠকে জমি জবরদস্থলকারীদের বিরুদ্ধে উপযুক্ত পদক্ষেপের নির্দেশ মুখ্যমন্ত্রীর।
- ২/ স্বাস্থ্যসাথী কার্ড নিয়ে একাধিক দুর্নীতির অভিযোগ আসায়, কড়া ব্যবস্থা নেবে রাজ্য সরকার।
- ৩/ কেন্দ্রীয় সরকার, পাটের দাম বাড়ানোর পাশাপাশি এক মরসুমে ১৪ হাজার কোটি টাকার পাটের ব্যাগ কেনার লক্ষ্যমাত্রা স্থির করেছে বলে, কেন্দ্রীয় বন্ত্রমন্ত্রী গিরি রাজ সিং জানিয়েছেন।
- ৪/ মালদার ইংরেজবাজার পুরসভার কাউন্সিলার, জেলা তৃণমূল কংগ্রেস সহ-সভাপতি দুলালচন্দ্র সরকারের খুনের ঘটনায় পুলিশ দুজনকে গ্রেফার করেছে।
- ৫/ ISL ফুটবলে যুব ভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান সুপার জায়ান্ট ৩/শূন্য গোলে হায়দ্রাবাদ এফ সি-কে হারিয়ে দিয়েছে।
- ৬/ সন্তোষ ট্রফি জয়ী বাংলার ফুটবল দলের সব খেলোয়াড়কেই চাকরী দেবে রাজ্য সরকার।

সীমান্তে নিরাপত্তার দায়িত্বে থাকা সীমান্তরক্ষী বাহিনী- BSF'ই, রাজ্য অনুপ্রবেশে সাহায্য করছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন।

গতকাল নবান্নে প্রশাসনিক বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, BSF-এর সঙ্গে রাজ্য পুলিশের একাংশের মদতে মালদা, নদীয়া দিয়ে এধরণের অনুপ্রবেশ ঘটানো হচ্ছে। সীমান্ত পেরিয়ে দুষ্কৃতীরা খুন করে পালিয়ে যাচ্ছে।

(বাইট- মমতা-BSF)

জমি জবরদখলকারীদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী ফের সতর্ক করে দিয়েছেন। তিনি বলেন, এব্যাপারে কোনো আধিকারিকের নাম এলে, তাঁর বিরুদ্ধে তদন্ত হবে। এমনকি, তাঁর পেনশনেও প্রভাব পড়তে পারে। জমি জবরদখল সংক্রান্ত অভিযোগের তদন্ত করবে, জেলা নয় রাজ্য পুলিশ। প্রয়োজনে ED-CBI-এর মতো সম্পত্তি ক্রোক করার'ও পরামর্শ দেন মুখ্যমন্ত্রী। IAS, IPS এবং WBCS আধিকারিকদের নিয়ে এব্যাপারে একটি কমিটি তৈরী হবে বলেও মুখ্যমন্ত্রী জানান। কমিটির নেতৃত্বে থাকবে স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী।

'বাংলার বাড়ি' প্রকল্পে দেওয়া টাকা যাতে অন্য খাতে খরচ না হয় সেই বিষয়টি নিশ্চিত করতে রাজ্য সরকার, সব জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছে। এই প্রকল্পে প্রথম দফায় যে ১২ লক্ষ সুবিধাপ্রাপককে প্রথম কিস্তির ৬০ হাজার টাকা করে দেওয়া হয়েছে সেই অর্থে বাড়ি তৈরির কাজ শুরু হয়েছে কি না, তা দেখার জন্যেও আধিকারিকদের নির্দেশ দেন তিনি।

রাজ্যের বিভিন্ন সমবায় ব্যাংকে প্রচুর ভুয়ো একাউন্টে হিসাব বহির্ভূত টাকা রয়েছে। দু'মাসের মধ্যে তদন্ত করে সেই টাকা চিহ্নিত ও বাজেয়াপ্ত করে রাজ্য কোষাগারে ফিরিয়ে নেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

স্বাস্থ্যসাথী কার্ড নিয়ে একাধিক দুর্নীতির অভিযোগ আসায় রাজ্য সরকার অভিযুক্ত চিকিৎসকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের কাজ শুরু করেছে।

নবান্নে গতকাল প্রশাসনিক বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির প্রশ্নের উত্তরে স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম বলেন, ইতিমধ্যেই বেশকিছু চিকিৎসককে ‘কারণ দর্শনো’র নোটিশ জারি করা হয়েছে। কয়েকটি নার্সিংহোম’ও বন্ধ করে দেওয়া হয়েছে। বিভিন্ন সরকারি হাসপাতাল এখনও তিন শতাংশ রোগীকে রেফার করায় মুখ্যমন্ত্রী তীব্র অসন্তোষ প্রকাশ করেন।

মুখ্যমন্ত্রী ভোট ব্যাংকের স্বার্থে বাংলাদেশি অনুপ্রবেশকে মদত দিচ্ছেন বলে কেন্দ্রীয় বন্দ্রমন্ত্রী, বর্ষীয়ান বিজেপি নেতা গিরিরাজ সিং মন্তব্য করেছেন।

গতকাল ব্যারাকপুরে কেন্দ্রীয় পাট ও সহযোগী তন্ত্র অনুসন্ধান সংস্থা- CRIJAF পরিদর্শনের পর তিনি বলেন, অনুপ্রবেশ নিয়ে এত উদ্বিগ্ন হলে মুখ্যমন্ত্রী রাজ্যে সিএএ বলবৎ করছেন না কেন।

(বাইট- গিরিরাজ)

শ্রী সিং গতকাল ক্রাইজ্যাকের মিউজিয়াম পরিদর্শন করেন, এরপর রাজ্যের ‘লাখপতি দিদি’দের সঙ্গে মিলিত হন। শস্য অনুসন্ধান ক্ষেত্র, বায়োটেক ল্যাবে’ও যান। পাট শিল্পের সঙ্গে যুক্ত সব পক্ষের সঙ্গে বৈঠক করেন তিনি।

পরে মন্ত্রী সাংবাদিকদের বলেন, কেন্দ্রীয় সরকার পাটের দাম বাড়িয়েছে এবং এক মরসুমে ১৪ হাজার কোটি টাকার পাটের ব্যাগ কেনার লক্ষ্যমাত্রা নিয়েছে।

(বাইট- গিরিরাজ সিং)

নিজের সংসদীয় কেন্দ্র দক্ষিণ ২৪ পরগনার ডায়মন্ড হারবারে কর্মসূচির "সেবাশ্রয়" সূচনা করেছেন তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক, সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। অনুষ্ঠানে জঙ্গি অনুপ্রবেশের অভিযোগ নিয়ে বিরোধী দল ও কেন্দ্রকে নিশানা করে অভিষেক বলেন, জঙ্গি বিরোধী অভিযানে রাজ্য পুলিস যথেষ্টই সক্রিয়। বাংলার পুলিস সহযোগিতা না করলে এতজন ধরা পড়ত না।

বাংলাদেশে সন্ন্যাসী চিন্ময়কৃষ্ণ দাসের জামিনের আবেদন খারিজ হওয়ার ঘটনাকে ইসকন কলকাতার সহ-সভাপতি রাধারমন দাস দুর্ভাগ্যজনক বলে মন্তব্য করেছেন। কেন জামিন হলো না সে বিষয়টা চিন্ময়কৃষ্ণ দাসের আইনজীবীরা দেখবেন বলে তিনি মন্তব্য করেন।

কেন্দ্র ও রাজ্যকে ও দেশের মানুষের সুরক্ষার বিষয়টি নিয়ে ভাবতে হবে বলে মন্তব্য করেছেন বর্ষিয়ান কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। অধীরবাবু বলেন গোটা সীমান্ত এলাকায় প্রচুর ফাঁক ফোকর রয়েছে। সেগুলি বন্ধ করার জন্য উপযুক্ত ব্যবস্থা নিতে হবে।

আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগের বিভিন্ন পদে ক্যাজুয়াল চুক্তিভিত্তিক নিয়োগের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত। সফল পরীক্ষার্থীদের নামের তালিকা আকাশবাণী ভবনের রিসেপশন এবং সংবাদ বিভাগের সামনে টাঙ্গানো থাকবে। আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগের সমস্ত সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এই তালিকা দেখতে পাওয়া যাবে।

রাজ্য প্রাথমিক স্তরে সেমেস্টার ভিত্তিক মূল্যায়ন এখনই চালু হচ্ছে না। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নবান্নে গতকাল প্রশাসনিক বৈঠকে স্পষ্ট জানান, তাঁকে না জানিয়েই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই কারণে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে ভৎসনা করেন তিনি। সংবাদমাধ্যমে এসংক্রান্ত প্রকাশিত খবর সম্পর্কে অসন্তোষ ব্যক্ত করে মুখ্যমন্ত্রী জানান, নতুন কোনো নীতি চালু করতে হলে সরকারের সঙ্গে আলোচনা করে নিতে হবে। সরকার শিশুদের পড়াশোনার ভার লাঘবের পক্ষপাতী।

এদিকে, শিক্ষানুরাগী ঐক্যমন্ডল, প্রাথমিকে সেমেস্টার ভিত্তিক মূল্যায়ন চালুর বিরোধিতা করেছে। মন্ত্রের সাধারণ সম্পাদক কিঞ্চির অধিকারী বলেন, সম্পূর্ণ অবৈজ্ঞানিক, ভিত্তিহীন, পরিকল্পনা বহির্ভূতভাবে এই সেমেস্টার পদ্ধতি ঘোষণা করা হয়েছিল।

মালদার ইংরেজবাজার পুরসভার কাউন্সিলার, জেলা তৃণমূল কংগ্রেস সহ-সভাপতি দুলালচন্দ্র সরকার ওরফে বাবলার খনের ঘটনায় পুলিশ দুজনকে গ্রেপ্তার করেছে। এদের মধ্যে একজনের বাড়ি বিহার ও অন্যজন স্থানীয় বাসিন্দা। ধূতদের জেরা করা হচ্ছে বলে রাজ্যের পুর ও নগরোন্ময়ন মন্ত্রী ফিরহাদ হাকিম সাংবাদিকদের জানান। মুখ্যমন্ত্রীর নির্দেশে তিনি গতকাল মালদা যান।

আগেই জানানো হয়েছে, গতকাল সকালে ঝলকালিয়ার কাছে নিজের কারখানার সামনে কাছে দাঁড়িয়েছিলেন দুলাল সরকার। মুখ ঢাকা অবস্থায় তিনি দুষ্কৃতী বাইকে এসে তাঁকে লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলি ছোঁড়ে। সঙ্কটজনক অবস্থায় মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হলে সেখানেই তাঁর মৃত্যু হয়।

বাঁকুড়ার জয়পুরের কুষ্টিলে বিষুণ্পুর কোতুলপুর রাজ্য সড়কের উপর দ্রুতগতিতে থাকা লরির ধাক্কায় বাইক চালক এক যুবক প্রাণ হারিয়েছেন। গুরুতর জখম আরও একজন।

জানা গেছে, বাইকে করে যাওয়ার সময় একটি লরি তাতে ধাক্কা দিলে চালনাকোনার বাসিন্দা অরিজিত খান গুরুতর আহত হন। বিষুণ্পুর জেলা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা তাঁকে মৃত বলে ঘোষণা করে। আহত অপর বাইক আরোহীর চিকিৎসা চলছে। লরিটিকে আটক করেছে পুলিশ।

জলপাইগুড়ির মালবাজারে পিকনিক করে ফেরার পথে গাড়ি দুর্ঘটনার কবলে পড়লে, অন্ততঃ ১১ জন আহত হয়েছেন।

জানা গেছে, এলাকার ১৩ জন ICDS কর্মী বাগরাকোটের লুপপুলে গতকাল পিকনিক করতে যান। ফেরার পথে তাঁদের গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে উলটে যায়।

আহতদের মালবাজার সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি করা হয়েছে।

যাত্রী স্বাচ্ছন্দে পূর্ব রেলের মালদা ডিভিশনে শুরু হয়েছে এল.এইচ.বি রেক-এর ব্যবহার। মালদা-শিয়ালদা-মালদা গৌড় এক্সপ্রেস ট্রেনে এই আধুনিক রেক পরিষেবার আনুষ্ঠানিক সূচনা করেন উত্তর মালদার সাংসদ খগেন মুর্মু ও মালদা কেন্দ্রের বিধায়ক গোপাল চন্দ্র সাহা।

পূর্ব বর্ধমানের গলসীতে দোকান থেকে ৪৫ লক্ষ টাকার বেশী মূল্যের মোবাইল চুরির ঘটনায় পুলিশ দু-জনকে গ্রেপ্তার করেছে।

ধৃত মণিরূল মোঞ্জা এবং সাজ্জাদ আলি মোঞ্জা উত্তর ২৪ পরগণার হাসনাবাদ ও বসিরহাটের বাসিন্দা। ধৃতদের সাত দিনের পুলিশ হেফাজত হয়েছে।

উত্তরের হাওয়ার হাত ধরে রাজ্য ফের শীতের আমেজ। আগামী কয়েকদিন রাতের তাপমাত্রায় বিশেষ কোনো হেরফের হবে না বলে আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন।

কলকাতায় আজ দিনের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৩ দশমিক দুই ডিগ্রী সেলসিয়াস- স্বাভাবিকের থেকে এক ডিগ্রী কম। সর্বোচ্চ তাপমাত্রা ২২ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

আইএসএল ফুটবলে যুব ভারতী ক্রীড়াঙ্গনে গতকাল মোহনবাগান সুপার জায়ান্ট তিন/শৃঙ্গ গোলে হায়দরাবাদ এফ সি- কে হারিয়ে দিয়েছে।

স্টেফান সাপিকের আভ্যন্তরীণ গোলে মোহনবাগান এগিয়ে যায়। এরপর টম অলফ্রেড ও জেসন কামিংস দুটি গোল করেন।

মোহনবাগান ১৪ ম্যাচে ৩২ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার শীর্ষে রয়েছে।

বিজয় হাজারে ট্রফি ক্রিকেটে বাংলা আজ বিহারের মুখোমুখি হবে। সেকেন্দ্রাবাদের জিমখানা গ্রাউন্ডে খেলা শুরু হবে সকাল ৯ টায়।

প্রতিযোগিতায় এখনো পর্যন্ত অপরাজিত বাংলা ৪ ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে গ্রুপ ই-র শীর্ষে রয়েছে।

রাজ্য সরকার সন্তোষ ট্রফি জয়ী বাংলার ফুটবল দলের সব খেলোয়ারকে চাকরি দেবে। ক্রীড়া দফতরেই তাদের চাকরি দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ঘোষণা করেছেন। তাদের বিশেষ আর্থিক প্যাকেজও দেওয়া হবে।

নবান্নে গতকাল ট্রফি জয়ী দলের সদস্যদের পাশাপাশি কোচ সঞ্জয় সেনকেও সংবর্ধনা দেন মুখ্যমন্ত্রী।
